



ঈদুল আজহার নামাজ আদায় আল-আকসা মসজিদে



ছবি: সংগৃহীত

পবিত্র ঈদুল আজহার প্রথম দিনে দখলকৃত জেরুজালেমের ঐতিহাসিক আল-আকসা মসজিদে ঈদের নামাজ আদায় করেছেন হাজারো মুসল্লি। যুদ্ধ ও রাজনৈতিক উত্তেজনার মধ্যেও বুধবার (২৭ মে) সকাল থেকেই মসজিদ প্রাঙ্গণে ভিড় করেন বিভিন্ন অঞ্চল থেকে আসা ধর্মপ্রাণ মুসলমানরা। বার্তাসংস্থা আনাদোলুর প্রতিবেদনে বলা হয়েছে, ঈদুল আজহার চার দিনের ছুটির প্রথম দিন আল-আকসা মসজিদ ও এর আশপাশের এলাকা মুসল্লিদের উপস্থিতিতে মুখর হয়ে ওঠে। ফিলিস্তিনিদের পাশাপাশি বিভিন্ন স্থান থেকে আগত মুসলমানরাও ঈদের জামাতে অংশ নেন। ইসলামের অন্যতম গুরুত্বপূর্ণ ধর্মীয় উৎসব ঈদুল আজহা মহান আল্লাহর সন্তুষ্টির জন্য হজরত ইবরাহিম (আ.)-এর আত্মত্যাগের স্মৃতিকে কেন্দ্র করে পালিত হয়। এদিন মুসলমানরা পশু কুরবানির মাধ্যমে ত্যাগের শিক্ষা ধারণ করেন এবং কুরবানির মাংস দরিদ্র ও অসহায় মানুষের মাঝে বিতরণ করেন। তবে এবারের ঈদ উদযাপিত হচ্ছে মধ্যপ্রাচ্যের অস্থির পরিস্থিতির মধ্যে। গাজার চলমান সংঘাত ও যুদ্ধবিরতি লঙ্ঘনের অভিযোগকে ঘিরে নতুন করে উত্তেজনা তৈরি হয়েছে। এ কারণে নিরাপত্তা পরিস্থিতি নিয়েও উদ্বেগ রয়েছে। গাজার স্বাস্থ্য মন্ত্রণালয়ের তথ্য অনুযায়ী, গত বছরের অক্টোবর থেকে কার্যকর হওয়া যুদ্ধবিরতির পরও ইসরাইলি হামলায় এখন পর্যন্ত ৮৮০ জনের বেশি মানুষ নিহত হয়েছেন। এতে অঞ্চলজুড়ে উদ্বেগ ও অনিশ্চয়তা আরও বেড়েছে।